

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৯৯.০২৮.০১.০১.০০১.২০০৮-২৭০

তারিখ : ১৭-০৯-২০১৭খ্রিঃ।


বিষয়ঃ রাজশাহী বিভাগের পরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয়ের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ০৭(সাত)টি পদ ০১-০৬-২০১৭ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণ প্রসঙ্গে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখার নং-০৫.১১২.০২৮.০০.০০.০০৯.২০১১-১৩২, তাং-২৭/০২/২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগের কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত ০৭(সাত)টি পদ অস্থায়ীভাবে সৃষ্টি করা হয়। পদগুলো সৃষ্টির পর হতে ৩ বছর অর্থাৎ ০১-০৬-২০১৪ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ হতে সংরক্ষণ করা হতো। বর্ণিত ০৭(সাত)টি পদ সৃজনের পর হতে ৩ বছর সময় অতিক্রান্ত হওয়ায় এখন বছরভিত্তিক অর্থাৎ ০১-০৬-২০১৭ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণ করা প্রয়োজন।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী)
১।	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	০১টি	৫৫০০ - ১২,০৯৫/-
২।	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০২টি	৫২০০ - ১১,২৩৫/-
৩।	গাড়ী চালক	০১টি	৪৭০০ - ৯৭৪৫/- (হালকা লাইসেন্সধারী) ৪৯০০ - ১০৪৫০/- (ভারী লাইসেন্সধারী)
৪।	অফিস সহায়ক (এমএলএসএস)	০২টি	৪১০০ - ৭৭৪০/-
৫।	পরিচ্ছন্নতা কর্মী (সুইপার/ঝাড়ুদার)	০১টি	৪১০০ - ৭৭৪০/-
	মোট	০৭ (সাত)টি	-

এমতাবস্থায়, পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ কার্যালয়ের উক্ত ০৭(সাত)টি পদ ০১-০৬-২০১৭ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আবুল ফজল মীর)
উপসচিব
ফোন : ৯৫১৪৬১১

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে দেয়ার অনুরোধে)।